

এসএফডি সার্কুলার লেটার নং: ০২

তারিখ:

নভেম্বর ২৭, ২০২৩

অগ্রহায়ণ ১২, ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Sustainable Finance Policy** এর রিপোর্টিং ফরম্যাট প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ০৩, তারিখ: ২২ অক্টোবর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। “Sustainable Finance Policy”-তে gender aspect অন্তর্ভুক্তকরণ, Green Products/Projects/Initiatives-এর পরিবর্ধন/পরিমার্জন, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩, Mujib Climate Prosperity Plan 2022-2041, National Adaptation Plan-সহ সংশ্লিষ্ট বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে উক্ত সার্কুলার জারি করা হয়।
- ৩। এসএফডি সার্কুলার নং- ০৫/২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০২/২০২২ এর মাধ্যমে এতদসংক্রান্ত বিষয়ে নির্ধারিত ফরম্যাট অনুযায়ী রিপোর্টিং প্রতি ত্রৈমাস অন্তে পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে এ বিভাগে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, এসএফডি সার্কুলার নং- ০৩/২০২৩ এর আলোকে সাসটেইনেবল ফাইন্যান্স রিপোর্টের পরিমার্জিত ফরম্যাট এতদসংঙ্গে সংযোজন করা হলো। উক্ত ফরম্যাট মোতাবেক রিপোর্টিং প্রতি ত্রৈমাস অন্তে পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে এ বিভাগে দাখিল করার জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)

পরিচালক (এসএফডি)

ফোন : ৯৫৩০৩২০